



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং- এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ২৩৯/১৩- ১৩

তারিখঃ ০৩ আগস্ট ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

শিক্ষার্থীদের যৌক্তিক দাবির দ্রুত বাস্তবায়ন ও গণপরিবহনের নৈরাজ্য নিরসন করতে হবে

- কাজী রিয়াজুল হক

নিরাপদ সড়কের দাবিতে কোমলমতি শিক্ষার্থীদের চলমান আন্দোলনের প্রেক্ষিতে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেছেন, “শিক্ষার্থীদের যৌক্তিক দাবির দ্রুত বাস্তবায়ন ও গণপরিবহনের নৈরাজ্য নিরসন করতে হবে। নারী, শিশুসহ সকল মানুষের নিরাপদে চলাচলের অধিকার রয়েছে। এটা মানবাধিকার। কিন্তু আমরা লক্ষ্য করছি, গাড়ির নিবন্ধন, ফিটনেস, রুট পারমিট ও লাইসেন্স প্রাপ্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হয়রানি, দায়িত্বে অবহেলা ও কতিপয় সদস্যের দুর্নীতির কারণে এবং এক শ্রেণীর অসাধু পরিবহন মালিক আইনের তোয়াক্কা না করে রাস্তায় চলাচলের অযোগ্য গাড়ি লাইসেন্সবিহীন অদক্ষ ড্রাইভারদের হাতে তুলে দেওয়া ও সড়কের অব্যবস্থাপনার কারণে সড়ক একটি মৃত্যুর ফাঁদে পরিণত হয়েছে যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়”।

কমিশনের চেয়ারম্যান আরও বলেন, “সড়ক দুর্ঘটনায় জনগণের মানবাধিকার চরমভাবে লঙ্ঘিত হচ্ছে। এটা বন্ধ করতে হবে। পরিবহন খাতে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার, রুটপারমিট ও ফিটনেসবিহীন গাড়ির আধিক্য, চালকের অযোগ্যতা, অদক্ষতা ও অসতর্কতাসহ এই খাতের সকল নৈরাজ্য বন্ধ করতে কমিশন সরকারের প্রতি আহ্বান জানাচ্ছে”।

কাজী রিয়াজুল হক নিরাপদ সড়কের দাবিতে আন্দোলনরত কোমলমতি শিশুদের ওপর পরিবহন শ্রমিক ও আইন-শৃঙ্খলা বাহিনীর হামলার তীব্র নিন্দা জ্ঞাপন করেছেন এবং আন্দোলনরত শিশুদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। আন্দোলনরত শিশুদের ন্যায্য দাবির সুযোগ নিয়ে কোন অসাধু গোষ্ঠীর চক্রান্তের কারণে শিশুদের জান-মালের যেন কোন ক্ষতি না হয় সে ব্যাপারে সর্বচ্চ সতর্ক থাকতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি অসাধু চক্রের অপপ্রচারের ফলে বিভ্রান্ত না হয়ে শিশুদেরকে নিরাপদে শিক্ষা প্রতিষ্ঠানে ফিরে গিয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার আহ্বান জানান।

তিনি বলেন, “ঢাকার বিমানবন্দর সড়কে শহীদ রমিজ উদ্দিন কলেজের দুইজন শিক্ষার্থী মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহতের ঘটনায় শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছি এবং এ ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্যোগ ও নির্দেশনাকে স্বাগত জানাচ্ছি। এই নির্দেশনার দ্রুত বাস্তবায়ন গণপরিবহনের নৈরাজ্য নিরসনে মাইলফলক হিসাবে কাজ করবে। ঘাতক বাসচালকসহ সড়ক পরিবহন খাতের নৈরাজ্যের জন্য দায়ী সকলের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে এবং একে দৃশ্যমান করতে হবে। এ লক্ষ্যে বাসমালিক সমিতি, শ্রমিকসমিতি, যাত্রী, বিআরটিএ, আইন-শৃঙ্খলা বাহিনীসহ সকলকে সতর্ক হতে হবে এবং দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের করণীয় সম্পর্কে সুস্পষ্ট সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে আগামী ০৬ আগস্ট, সোমবার অনুষ্ঠিতব্য কমিশন সভায় বিস্তারিত আলোচনা করা হবে”।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় মানবাধিকার কমিশন  
মোবাঃ ০১৭৯০৫৩৬৯৩৬